

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প
শিবপুর, নরসিংদী

স্মারকনং: ৩২.০১.৬৮৭৬.০০০.০৬.০৭৮.২৬- ২৪৯


তারিখ: ০২/০৪/২০২৬ খ্রি:

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ”(২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের শিবপুর উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্ন বর্ণিত ট্রেডে দুঃস্থ, অসহায়, বিধবা, তালাকপ্রাপ্ত ও দরিদ্র সুবিধাবঞ্চিত নারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী নারীদের নিকট থেকে প্রশিক্ষণের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়সসীমা ও যোগ্যতা
ফ্যাশন ডিজাইন	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	প্রতি ট্রেডে ২০ জন করে সর্বমোট (২০জন X ২) = ৪০ জন	বয়সসীমা- ১৮-৪০ হতে হবে যোগ্যতা:- দুঃস্থ, অসহায়, বিধবা, তালাকপ্রাপ্ত ও দরিদ্র সুবিধাবঞ্চিত স্বাক্ষরজ্ঞান সম্পন্ন নারী (ইতোপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না)
ইলেকট্রিক ওয়ারিং			

- নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:
- ক। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের আওতায় ট্রেডের নাম উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- ক। আবেদনের সময়সীমা: ১২/০৩/২০২৬ হতে ২০/০৪/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময়।
- গ। আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের এনআইডির ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি, ০২ কপি সদ্যতোলা কালার ছবি সাথে জমা দিতে হবে। আবেদন ০২ (দুই) সেট জমা দিতে হবে।
- ঘ। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ঙ। বিধবা ও তালাক প্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- চ। সপ্তাহে ০৫ দিন সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ চলবে।
- ছ। আবেদনকারীর অবশ্যই জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- জ। কোন প্রশিক্ষণার্থী সরকারী নীতি বহির্ভূত কার্যকলাপে লিপ্ত থাকলে এবং দপ্তরের নিয়মকানুন যথাসময়ে না মানলে কারণ দর্শানো ব্যতিরেকে তার বিন্দুকে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোর্স হতে বহিস্কার করা হবে।


০২.০৪.২০২৬
মোছাঃ ফারজানা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
শিবপুর, নরসিংদী
ও
সভাপতি
'আইজিএ' প্রশিক্ষণার্থী বাছাই কমিটি